গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অরডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৬-২০৪ তারিখঃ ০৫/০৭/২০১৬খ্রিঃ
সময়ঃ দুপুর ২.০০ টা।

**বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত ০৫.০৭.২০১৬ তারিখের দৈনিক প্রতিবেদন।**

## সর্বশেষ আবহাওয়া পরিস্থিতি (Latest Weather Situation)

গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত লঘুচাপটি সামান্য উত্তরদিকে সরে গিয়ে বর্তমানে পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন বিহার এলাকায় অবস্থান করছে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় গভীর সঞ্চালণশীল মেঘমালা সৃষ্টি অব্যাহত রয়েছে। উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকা এবং সমুদ্র বন্দরসমূহের উপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। **চট্রগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৩ (তিন) নম্বর পুনঃ ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। ভারী বর্ষণ ও অমাবস্যার প্রভাবে উপকূলীয় জেলা চট্টগ্রাম, কক্সবাজার, নোয়াখালী, লক্ষীপুর, বরগুনা, পটুয়াখালী, ভোলা, বরিশাল, পিরোজপুর, বাগেরহাট, খুলনা, সাতক্ষীরা এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহের নিম্নাঞ্চল স্বাভাবিক জোয়ারের চেয়ে ২-৩ ফুট অধিক উচ্চতার জোয়ারের পানিতে প্লাবিত হতে পারে।** উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

**ভারী বর্ষণের সতর্কবাণী:**

পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন বিহার এলাকায় অবস্থানরত লঘুচাপ এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় গভীর সঞ্চালণশীল মেঘমালা সৃষ্টি অব্যাহত রয়েছে। এর ফলে আজ (০৫.০৭.২০১৬ খ্রিঃ) দুপুর ১২:০০ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টায় খুলনা, বরিশাল, চট্টগ্রাম, সিলেট, রাজশাহী, রংপুর, ঢাকা ও ময়মনসিংহ বিভাগের কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে। অতি ভারী বৃষ্টির কারণে চট্টগ্রাম ও সিলেট বিভাগের পাহাড়ী এলাকার কোথাও কোথাও ভূমিধ্বসের সম্ভাবনা রয়েছে।

**নদীবন্দর সমুহের জন্য সতর্ক সংকেতঃ (আজ ০৫.০৭.১৬ইং তারিখ সন্ধা ৬.০০ পর্যন্ত)**

খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম ও কক্সবাজার অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৬০-৮০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলকার নদী বন্দরসমূহের জন্য ০২(দুই) নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।
এছাড়া দেশের অন্যত্র দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলকার নদী বন্দরসমূহের জন্য ০১(এক) নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**পূর্বাভাসঃ** রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ী দমকা অথবা ঝড়ো হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা পায় অপরিবর্তিত থাকতে পারে।

**গত ২৪ ঘন্টায় বিভাগওয়ারী দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা নিম্নরূপঃ**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্রগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩১.৪ | ২৯.৭ | ৩০.৮ | ৩০.৬ | ৩৩.০ | ৩০.২ | ৩০.৬ | ২৮.২ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৪.২ | ২৬.০ | ২৪.৫ | ২৫.১ | ২৫.৮ | ২৪.৯ | ২৫.৫ | ২৪.৯ |

* দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাজশাহী ৩৩.০ ডিগ্রী সে. এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল টাংগাইল ২৪.২ ডিগ্রী সে.।

০২। **নদ-নদীর পানি হ্রাস /বৃদ্ধির সর্বশেষ অবস্থাঃ (তথ্যসূত্রঃ** বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো**)**

| | | | |
|---|---|---|---|
| মোট পর্যবেক্ষণ পয়েন্টের সংখ্যা | ৯০ টি | পানি স্থিতিশীল রয়েছে | ০১ টি |
| পানি বৃদ্ধি পেয়েছে | ৭১ টি | তথ্য পাওয়া যায়নি | ০৪ টি |
| পানি হ্রাস পেয়েছে | ১৪ টি | বিপদসীমার উপরে দিয়ে প্রবাহিত হচ্ছে | ০১ টি |

**নিম্নবর্ণিত ০১ টি পয়েন্টে নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছেঃ**

| ক্র. নং | জেলার নাম | নদীর নাম | ষ্টেশনের নাম | পানি বৃদ্ধি (+) হ্রাস (-)(cm) | বিপদসীমার উপরে আছে ( cm) |
|---|---|---|---|---|---|
| ০১ | সিলেট | কুশিয়ারা | অমলশীদ | +৪৪ | + ১৭ |
| ০২ | সিলেট | কুশিয়ারা | শেওলা | + ৮ | + ৭ |
| ০৩ | চট্টগ্রাম | হালদা | নারায়নহাট | + ৩১৪ | + ৭৫ |
| ০৪ | কক্সবাজার | মাতামুহুরী | চিরিঙ্গা | + ১৭৬ | + ৮৪ |

**এক নজরে নদ-নদীর পরিস্থিতি**

- ব্রহ্মপুত্র-যমুনা, গঙ্গা-পদ্মা এবং সুরমা-কুশিয়ারা নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে। আগামী ৪৮ ঘন্টা পর্যন্ত ব্রহ্মপুত্র-যমুনা ও গঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে ।
- কুশিয়ারা নদীর পানি সমতল আগামী ২৪ ঘন্টায় হ্রাস পেতে পারে ।
- সুরমা নদীর পানি সমতল আগামী ২৪ ঘন্টা পর্যন্ত বৃদ্ধি পেতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় নারায়ণহাট ও চিরিঙ্গার হালদা ও মাতামুহুরী নদীর বন্যা পরিস্থির সামান্য অবনতি ঘটতে পারে যা আগামী ৪৮ ঘন্টায় উন্নতি হতে পারে ।

০৩। **গত ২৪ ঘন্টায় দেশের বিভিন্ন স্থানে উল্লেখযোগ্য বৃষ্টিপাতঃ (গতকাল সকাল ৯ টা থেকে আজ সকাল ৯টা পর্যন্ত)**

| স্টেশন | বারিপাত | স্টেশন | বারিপাত | স্টেশন | বারিপাত |
|---|---|---|---|---|---|
| লরেরগড় | ১৭৫.০ | পটুয়াখালী | ১১৫.৭ | দেওয়ানগঞ্জ | ৬০.০ |
| লামা | ১৫৬.০ | বান্দরবন | ৯৮.৭ | সুনামগঞ্জ | ৬০.০ |
| নারায়ণহাট | ১৫৫.৫ | দুর্গাপুর | ৯৭.০ | কুষ্টিয়া | ৫৯.০ |
| কক্সবাজার | ১৪৯.০ | দিনাজপুর | ৮৫.৩ | শেওলা | ৫৬.০ |
| রামগড় | ১৪৭.৫ | টেকনাফ | ৮০.৯ | টাঙ্গাইল | ৫৫.৪ |
| বরগুনা | ১৩৫.১ | রাঙ্গামাটি | ৭৭.০ | নাকুয়াগাঁও | ৫৫.০ |
| পাঁচপুকুরিয়া | ১৩০.০ | নোয়াখালী | ৭২.৮ | ডালিয়া | ৫৩.০ |
| চট্টগাম | ১২৬.০ | রাজশাহী | ৬৯.০ | খুলনা | ৫০.০ |
| সিরাজগঞ্জ | ১২২.৬ | বগুড়া | ৬২.৫ | | |

০৪। **অগ্নিকান্ডঃ** ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষে থেকে ডিউটি অফিসার জানান, কোথাও থেকে উল্লেখযোগ্য কোন অগ্নিকান্ডের খবর পাওয়া যায়নি।

০৫। **লঞ্চ দুর্ঘটনাঃ**

**বরিশালঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান, গতকাল ০৪.০৭.২০১৬ তারিখ ভোর রাত ৪-৩০টার সময় জেলার 'কীর্তণখোলা' নদীতে বরিশাল থেকে ঢাকাগামী একটি স্টীমারের সাথে ঢাকা থেকে বরিশালগামী একটি লঞ্চের সংঘর্ষ হয়। এতে ০৫ জন যাত্রীর মর্মান্তিক মৃত্যু হয় এবং ০৫ জন যাত্রী আহত হন। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে প্রাপ্ত বরাদ্দ হতে জেলা প্রশাসন প্রত্যেক মৃত ব্যক্তির পরিবারকে ২০,০০০/-টাকা করে মোট ১,০০,০০০/- টাকা এবং প্রত্যেক আহত ব্যক্তিকে ১০,০০০/- টাকা করে মোট ৫০,০০০/- টাকা সর্বমোট ১,৫০,০০০/- টাকা নগদ সাহায্য প্রদানের প্রস্তুতি নিচ্ছে বলে তিনি জানান।

দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের **NDRCC** (জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘন্টা (৭**X**২৪) খোলা রয়েছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য **NDRCC**'র নিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/ **email** নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ

**টেলিফোন নম্বরঃ ৯৫৪০৪৫৪, ৯৫৪৯১১৬, ৯৫৪৫১১৫, ৯৫৪৬৬৬৩; মোবাইল নম্বরঃ ০১৭১১-৪৪৭২৭৬ এবং ০১৯৩৭-১৬৩৫৮২**

**ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৪৯১৪৮, ৯৫৭৫০০০; Email:** ndrcc@modmr.gov.bd

স্বাক্ষরিত/-

**(মোঃ আমিনুল ইসলাম)**

উপ সচিব(এনডিআরসিসি)

ফোনঃ ৯৫৪৬৬৬৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
০৫। প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
০৮। অতিরিক্ত সচিব (দুঃব্যঃ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
০৯। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব),দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী,ঢাকা।
১০। অতিরিক্ত সচিব (ত্রাণ)/(দুব্যক), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১১। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১২। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১৩। সিস্টেম এনালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
১৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৫। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।